বাংলাদেশ তাঁত বোর্ড
বিটিএমসি ভবন (৫ম তলা)
৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.bhb.gov.bd

## ১। ভূমিকাঃ

রংপুর জেলার রংপুর সদর, গঙ্গাচড়া; লালমনিরহাট জেলা ও কুড়িগ্রাম জেলার আওতাধীন এলাকাসমূহের তাঁতিদের চলতি মূলধন সরবরাহ, অচল তাঁত সচল করে উৎপাদন বৃদ্ধি, আয় বর্ধনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং নারীর ক্ষমতায়নের সুযোগ সৃষ্টিসহ সার্বিক সহযোগিতা করার উদ্দেশ্যে রংপুর বেসিক সেন্টারটি প্রতিষ্ঠিত হয়। সেন্টারটি বাংলাদেশ তাঁত বোর্ডের নিয়ন্ত্রণাধীন রংপুর প্রশিক্ষণ কেন্দ্রের অভ্যন্তরে অবস্থিত। এ সেন্টারের আওতাধীন অঞ্চলসমূহে বেনারসি শাড়ি, কম্বল, রুমাল, তাওয়াল ও শতরঞ্জি বেশি তৈরি হয়। রংপুর বেসিক সেন্টার হতে তাঁতিদেরকে সেবা প্রদানের লক্ষ্যে সমিতি গঠন, তাঁতি সমিতির সদস্যদের মধ্যে গ্রুপ গঠনের মাধ্যমে চলতি মূলধন সরবরাহ ও অচল তাঁত সচলকরণের জন্য তাঁতিদের "তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়" শীর্ষক প্রকল্পের আওতায় তাঁত ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালিত হচ্ছে। তাছাড়াও আলোচ্য সেন্টার থেকে ইতোপূর্বে তাঁতিদের মাঝে "তাঁতিদের জন্য ক্ষুদ্র ঋণ কর্মসূচি" এর আওতায় তাঁত ঋণ বিতরণ করা হয়েছে; বর্তমানে উক্ত বিতরণকৃত ঋণের আদায় কার্যক্রম চলমান রয়েছে। আলোচ্য বেসিক সেন্টারের আওতাধীন তাঁতিদের মাঝে ইতোমধ্যে বস্ত্র বয়ন, রংকরণ ও টেক্সটাইল প্রিন্টিং ইত্যাদি প্রশিক্ষন কোর্স পরিচালনা করা হয়েছে।

## ২। মূল্যায়নের উদ্দেশ্য ও পদ্ধতিঃ

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে গত ২৭.০৬.২০২১ তারিখে চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড এবং সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়।
সেকশন-৩ এর কর্মসম্পাদন পরিকল্পনার ৫ নং কর্মসম্পাদন ক্ষেত্র "সেবার মানোন্নয়ন ও মূল্যায়ন" এর আওতায় ৫.৫ নং কার্যক্রম " আওতাধীন প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম মূল্যায়ন" এর ৫.১ নং কর্মসম্পাদন সূচকে ২০২১-২২ অর্থবছরে ০৬টি প্রতিষ্ঠান মূল্যায়নের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে।

২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) ৫ নং কৌশলগত উদ্দেশ্য "সেবার মানোন্নয়ন ও মূল্যায়ন" এর আওতায় ৫.৪ নং কার্যক্রম "আওতাধীন প্রতিষ্ঠানসমূহের মূল্যায়ন" এর ৫.৪.১ নং কর্মসম্পাদন সূচকে এ অর্থবছরে বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক ০৫টি প্রতিষ্ঠান মূল্যায়নের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। সে মোতাবেক ২০২০-২১ অর্থ বছরের মূল্যায়ন পরিকল্পনায় রংপুর বেসিক সেন্টারটি অন্তর্ভুক্ত রয়েছে।

তৎপ্রেক্ষিতে বাংলাদেশ তাঁত বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সদয় অনুমোদনক্রমে নিম্নোক্ত কর্মকর্তাগণ কর্তৃক রংপুর বেসিক সেন্টারটি গত ১৯.১০.২০২১ হতে ২০.১০.২০২১ তারিখ পর্যন্ত সরেজমিনে পরিদর্শনপূর্বক মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা হয়ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি | অনুবিভাগ |
|---|---|---|
| ১। | রাজীব চন্দ্র দাস, সহকারী প্রধান (পরিবীক্ষণ ও মূল্যায়ন) [অ:দা:] বাতাঁবো, ঢাকা। | পরিবীক্ষণ ও মূল্যায়ন অনুবিভাগ |
| ২। | মোঃ আহসান উল্লাহ্, কারিগরি কর্মকর্তা (পরিবীক্ষণ ও মূল্যায়ন) বাতাঁবো, ঢাকা। | |

পরিদর্শনকালে অত্র বেসিক সেন্টারে কর্মরত ভারপ্রাপ্ত লিয়াজোঁ অফিসার জনাব, মোঃ ইদ্রিস মিয়া, অফিস সহকারী কাম-কম্পিউটার-মুদ্রাক্ষরিক জনাব,মোঃ জুয়েল ইসলাম উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা করেন।

কেন্দ্রের নথিপত্র পর্যালোচনা, বেসিক সেন্টারের ইনভেন্টরি প্রতিবেদন, সরেজমিনে তাঁত এলাকা পরিদর্শন ও তাঁতি/তাঁতি সমিতির সাথে মতবিনিময়ের মাধ্যমে আলোচ্য মূল্যায়ন কার্যক্রম সম্পাদন করা হয়।

## ৩। এক নজরে বেসিক সেন্টার, রংপুর

| ক্রঃ নং | বিবরণ | পরিমান |
|---|---|---|
| | **ক্ষুদ্রঋণ কর্মসূচিঃ-** | |
| ১। | নিবন্ধিত প্রাথমিক তাঁতি সমিতি | ০৭ টি |
| ২। | নিবন্ধিত মাধ্যমিক তাঁতি সমিতি | ১ টি |
| ৩। | গ্রুপ গঠিত ঋণপ্রাপ্ত সমিতি | ০৫ টি |
| ৪। | অত্র কেন্দ্রে মোট বরাদ্ধ (অক্টোবর ২০২১ পর্যন্ত) | ৫৯.০৫ লক্ষ টাকা |
| ৫ | অত্র কেন্দ্রে মোট বিতরণ(অক্টোবর ২০২১ পর্যন্ত) | ৫৯.০৫ লক্ষ টাকা |
| ৬। | অত্র কেন্দ্রে ১০% সুদ সহ ক্রমপুঞ্জিভূত আদায় যোগ্য অর্থের পরিমাণ | ৬৮.৩২ লক্ষ টাকা |
| ৭। | অত্র কেন্দ্রে মোট আদায়ের লক্ষমাত্রা | ৫৯.৪৫ লক্ষ টাকা |
| ৮। | অত্র কেন্দ্রে আদায়কৃত অর্থের পরিমাণ (অক্টোবর ২০২১ পর্যন্ত) | ৪৫.০১ লক্ষ টাকা |
| ৯। | অত্র কেন্দ্রে অনাদায়ী বকেয়া অর্থের পরিমাণ (অক্টোবর ২০২১ পর্যন্ত) | ১৪.৪৩ লক্ষ টাকা |
| ১০। | ক্ষুদ্র ঋণের সেবাপ্রাপ্ত তাঁতি সংখ্যা | ৩৭২ জন |
| | পুরুষ তাঁতি | ৩৩৫ জন |
| | মহিলা তাঁতি | ৩৭ জন |
| ১১। | ক্ষুদ্র ঋণ পরিশোধকৃত তাঁতির সংখ্যা | ১৬৪ জন |
| ১২। | অনাদায়ী তাঁতির সংখ্যা | ২০৮ জন |
| | একটি কিস্তিও পরিশোধ করেননি এমন তাঁতির সংখ্যা | - |
| | ক্ষুদ্র ঋণের সেবা প্রাপ্ত তাঁত সংখ্যা | ৫১০ টি |
| | সেবা প্রাপ্ত তাঁতের শ্রেণি পিটলুম | ৩৮১ টি |
| | সেমি অটোমেটিক | ৪৩ টি |
| | ফ্রেম তাঁত | ০২ টি |
| | কোমর তাঁত | - |
| | বেনারসী | ৮৪ টি |
| ১৩। | অত্র কেন্দ্রের আওতাধীন সমিতিভুক্তঃ- | |
| | তাঁতি সংখ্যা | ১৪৩১ জন |
| | সর্বমোট তাঁত সংখ্যা | ৪৬২ টি |
| ১৪। | ঋণ আদায়ের হার | ৭৬% |
| ১৫। | সর্বশেষ (অক্টোবর ২০২১ পর্যন্ত ) বরাদ্দ | ৫৯.০৫ লক্ষ টাকা |
| | বিতরণ | ৫৯.০৫ লক্ষ টাকা |
| | অবিতরিত (প্রধান কার্যালয়ে ফেরৎ পাঠানো হয়েছে মর্মে জানান) | -- |
| | তাঁতি সংখ্যা | -- |
| | তাঁত সংখ্যা | -- |

“তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন” প্রকল্পে
সর্বশেষ (অক্টোবর ২০২১ পর্যন্ত ) তথ্য

| | | |
|---|---|---|
| ১৬। | মোট বরাদ্দ (অক্টোবর ২০২১ পর্যন্ত )<br>মোট বিতরণ (অক্টোবর ২০২১ পর্যন্ত )<br>মোট ঋণ প্রাপ্ত তাঁতির সংখ্যা (অক্টোবর ২০২১ পর্যন্ত )<br>ঋণ প্রাপ্ত পুরুষ তাঁতির সংখ্যা<br>ঋণ প্রাপ্ত মহিলা তাঁতির সংখ্যা<br>অত্র কেন্দ্রে মোট আদায়ের লক্ষমাত্রা<br>ঋণ আদায় (অক্টোবর ২০২১ পর্যন্ত )<br>আদায়ের হার (অক্টোবর ২০২১ পর্যন্ত ) | ৭৫.৩০ লক্ষ টাকা<br>৭৫.৩০ লক্ষ টাকা<br>১০০ জন<br>৫৯ জন<br>৪১ জন<br>১৫.৩৬ লক্ষ টাকা<br>১৩.২৫ লক্ষ টাকা<br>৮৬.২৭% |

## ৪। বেসিক সেন্টারের জনবলঃ

কেন্দ্রের জনবলঃ-(ক) বর্তমানে রংপুর বেসিক সেন্টারে ০১ জন ভারপ্রাপ্ত লিয়াজোঁ অফিসার ও ০১ জন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর কর্মরত আছেন।

| ক্রমিক নং | নাম | পদবি |
|---|---|---|
| ০১। | জনাব,মোঃ ইদ্রিস মিয়া | ভারপ্রাপ্ত লিয়াজোঁ অফিসার |
| ০২। | জনাব,মোঃ জুয়েল ইসলাম | অফিস সহকারী কাম-কম্পিউটার-মুদ্রাক্ষরিক |

(খ) প্রতিষ্ঠাকালীন সময় থেকে অদ্যাবধি বেসিক সেন্টারে কেন্দ্রে প্রধানের দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীদের বিবরণ সময়ানুক্রমে দেয়া হলোঃ-

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবি | সময়কাল | |
|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ মঞ্জুর হাসান | লিয়াজোঁ অফিসার | ২৩.০৪.২০০৯ | ১৮.১০.২০১৮ |
| ২। | জনাব মোঃ ইদ্রিস মিয়া | ভারপ্রাপ্ত লিয়াজোঁ অফিসার | ২৫.১০.১৮ | অদ্যাবধি |

## ৫। রংপুর বেসিক সেন্টারের আসবাবপত্র/ অফিস সরঞ্জামাদির বিবরণঃ

| ক্রঃ নংঃ | আসবাব/অফিস সরঞ্জামাদির বিবরণ | পরিমাণ (টি) | বর্তমান অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | টেবিল (ফুল সেক্রেটারিয়েট) | ১ টি | ১ টি | |
| ২। | টেবিল (হাফ সেক্রেটারিয়েট) | ৩ টি | ৩ টি | |
| ৩। | ভিজিটর চেয়ার (হাতাওয়ালা) | ১২ টি | ১২ টি | |
| ৪। | রিভলবিং চেয়ার | ১টি | ১ টি | |
| ৫। | আলমিরা | ২ টি | ২ টি | ১ টি স্টিলের ও ১ টি অটোবির |
| ৬। | স্টীলের ফাইল কেবিনেট | ১ টি | ১ টি | |
| ৭। | ফ্যান | ৪ টি | ৩ টি | ১ টি নষ্ট |
| ৮। | অটোবি ফাইল কেবিনেট (সোকেস) | ১ টি | ১ টি | |
| ৯। | কাপ | ৬ টি | ৬ টি | |
| ১০। | প্রিচ | ৬ টি | ৩ টি | ৩ টি ভাঙ্গা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১। | প্লেট | ৩ টি | ৩ টি | |
| ১২। | বাটি | ১ টি | ১ টি | |
| ১৩। | কাঁচের বাটি | ৬ টি | ৫ টি | ১ টি ভাঙ্গা |
| ১৪। | ফ্লাস্ক | ১টি | -- | ভাল নাই(নষ্ঠ) |
| ১৫। | ট্রে | ১ টি | ১ টি | |
| ১৬। | গ্লাস | ৬ টি | ৬ টি | |
| ১৭। | আবাসিক ভবনের ফ্যান | ৩ টি | ২ টি | ১ টি নষ্ট |
| ১৮। | দেওয়াল ঘড়ি | ১টি | ১টি | |
| ১৯। | মোটর সাইকেল | ১ টি | (“তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন” ) প্রকল্পের আওতায় সরবরাহ করা হয়েছে। | যানের পরিচিতি-৭-৩৭০৮৩২৫<br>গ্রাহক পরিচিতি-৭-০০৭৩০৮২৯১<br>রেজিষ্ট্রেশন নম্বার-রংপুর-হ-১৬-২৯৫৭<br>যানের বর্ণনা-মটর সাইকেল টিভিসি মটর কোম্পানি লিঃ ২০১৯<br>চেসিস নম্বর-PS625BF41L6F22173<br>ইঞ্জিন নম্বর-FF4FK1601754<br>সিসি-১২৫<br>রং- কালো/নিল<br>টায়ার সাইজ-২.৭৫*১৭/<br>খালি গাড়ীর ওজন-১২৫ কেজি |
| ২০। | হেলমেট | ২টি | (“তাঁদিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন” ) প্রকল্পের আওতায় সরবরাহ করা হয়েছে। | |

## ৬। নথিপত্র ও বিভিন্ন প্রকার রেজিস্ট্রার পর্যালোচনাঃ

কেন্দ্রের বিভিন্ন নথিপত্র ও রেজিস্ট্রার পর্যালোচনা করে প্রাপ্ত তথ্যাদি নিম্নে সন্নিবেশিত করা হলোঃ

| রেজিষ্টারের নাম | পৃষ্ঠা | রেজিষ্টার খোলার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| (১) হাজিরা রেজিষ্টার | ৩০৭ | ২৫.১০.২০১৮ | |
| (২) ফাইল রেজিষ্টার | ৪৪ | ০৭.০৭.২০১৯ | |
| (৩) পত্র প্রাপ্তি রেজিষ্টার | ১০৮ | ০৯.০৯.২০১৮ | |
| (৪) পত্র প্রেরণ রেজিষ্টার | ১০৭ | ১৮.০২.২০১৮ | |
| (৫) মাষ্টার | ৯৬ | ০৭.০৭.২০১৯ | |
| (৬) মনোহারী ও মুদ্রণ সামগ্রী রেজিষ্টার | ৪৬ | ০৭.০৭.২০১৯ | |
| (৭) সমিতি রেজিষ্টার | ৪৪ | ০৭.০৭.২০১৯ | |
| (৮) গ্রুপ রেজিষ্টার ঃ | | | |
| গ্রুপ রেজিষ্টার ০১ | ৯৬ | ২৮.০১.২০১৯ | |
| গ্রুপ রেজিষ্টার ০২(“তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন” প্রকল্পের) | ৫৭ | ০৯.০১.২০২০ | |
| (৯) তাঁত ঋণের আবেদনপত্র রেজিষ্টার ঃ | | | |
| তাঁত ঋণের আবেদনপত্র রেজিষ্টার ০১ | ৪৪ | ০৭.০৩.২০১৯ | |
| তাঁত ঋণের আবেদনপত্র রেজিষ্টার ০২(“তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন” প্রকল্পের) | ৫৮ | ০৪.১১.২০১৯ | |
| (১০) মঞ্জুরীপত্র ইস্যু রেজিষ্টার ঃ | | | |

| | | | |
|---|---|---|---|
| মঞ্জুরীপত্র ইস্যু রেজিষ্টার ০১ | ৪৬ | ০৭.০৩.২০১৯ | |
| মঞ্জুরীপত্র ইসু রেজিষ্টার ০২("তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন" প্রকল্পের) | ৫৮ | ১২.১১.২০১৯ | |
| (১১) ঋণ বিতরণ ও আদায় রেজিষ্টার ঃ | | | |
| ঋণ বিতরণ ও আদায় রেজিষ্টার ০১ | ২০১ | ০৮.০৩.২০১৮ | |
| ঋণ বিতরণ ও আদায় রেজিষ্টার ০২ ("তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন" প্রকল্পের) | ২০১ | ১৫.০২.২০২০ | |
| ঋণ বিতরণ ও আদায় রেজিষ্টার ০৩ ("তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন" প্রকল্পের) | ২০১ | ১৪.১১.২০২০ | |
| (১২) বেসিক সেন্টারের অনুকুলে অর্থ বরাদ্দ, ঋণ বিতরণ ও স্থিতির বিবরণ ছক-১ ও ছক-২ রজিষ্টার নং- ০১ | ৪৪ | ০৭.০৭.২০১৯ | |
| বেসিক সেন্টারের অনুকুলে অর্থ বরাদ্দ, ঋণ বিতরণ ও স্থিতির বিবরণ ছক-১ ও ছক-২ রেজিষ্টার নং-০২("তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন" প্রকল্পের) | ৫৬ | ১২.১১.২০১৯ | |
| (১৩) মুভমেন্ট রেজিষ্টার | ১১৬ | ২৫.১০.২০১৮ | |
| (১৪) ক্যাশ বহি রেজিষ্টার | ১১০ | ২৯.১১.২০১৮ | |
| (১৫) বিদ্যুৎ রেজিষ্টার | ৪৫ | ০৭.০৭.২০১৯ | |
| (১৬) অস্থায়ী সম্পদ রেজিষ্টার | ৪৫ | ০৭.০৭.২০১৯ | |
| (১৭) স্থায়ী সম্পদ রেজিষ্টার | ৪৪ | ০৭.০৭.২০১৯ | |
| (১৮) তাঁত কারখানা রেজিষ্টার | ৪৪ | ০৭.০৭.২০১৯ | |
| (১৯) প্রশিক্ষনের জন্য তাঁতি প্রেরণ রেজিষ্টার | ১১৬ | ২৫.১০.২০১৮ | |
| (২০) ছুটির রেজিষ্টার | ১১৭ | ০৯.০৯.২০১৮ | |
| (২১) পরিদর্শন রেজিষ্টার | ১৭৬ | ০১.১০.২০২০ | |

## ৭। বেসিক সেন্টারের আওতাধীন ঋণপ্রাপ্ত প্রাথমিক তাঁতি সমিতিসমূহের তথ্যাদিঃ

| ক্রঃ নংঃ | জেলা | উপজেলা | প্রাথমিক তাঁতি সমিতির নাম | খেলাপি সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | রংপুর | বদরগঞ্জ | গোপিনাথপুর রাধানগর ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতি | ৩৭ |
| ২। | রংপুর | গঙ্গচড়া | ৭নং গজঘন্টা ইউনিয়ন হাবু প্রাথমিক তাঁতি সমিতি | ১৮ |
| ৩। | লালমনিরহাট | কালীগঞ্জ | কাকিনা ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতি | ৪৭ |
| ৪। | লালমনিরহাট | হাতীবান্দা | পাটিকাপাড়া ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতি | ৪১ |
| ৫। | কুড়িগ্রাম | উলিপুর | সাহেবের আলগা ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতি | ৫ |

## ৮। অর্থবছরভিত্তিক বরাদ্দ প্রাপ্তি, ঋণ বিতরণ ও আদায় বিবরণীঃ

**ক্ষুদ্রঋণ কর্মসূচিঃ-বিগত ২০ বছরের বছরভিত্তিক বরাদ্দ ,প্রাপ্তি, ঋণবিতরণ ও আদায় বিবরণ**

| ক্রং নং | অর্থ বছর | বিতরণ | | | আদায় টাকা |
|---|---|---|---|---|---|
| | | তাঁতির সংখ্যা | তাঁত সংখ্যা | বরাদ্দের পরিমান | |
| ১ | ২০০০-০১ | ৫ | ৫ | ০.৫৩ | ০.৪৪ |
| ২ | ২০০১-০২ | ২০ | ২০ | ২.৪৫ | ১.০৪ |
| ৩ | ২০০২-০৩ | ৩০ | ৩০ | ৩.৬০ | ১.০২ |
| ৪ | ২০০৩-০৪ | ৩৪ | ৩৪ | ৩.৪০ | ২.৯৫ |
| ৫ | ২০০৪-০৫ | ৪১ | ৪১ | ৪.১০ | ২.৬৮ |
| ৬ | ২০০৫-০৬ | ৩৪ | ৩৪ | ৩.৪২ | ২.৮০ |
| ৭ | ২০০৬-০৭ | ৫৯ | ৬২ | ৬.২৫ | ১.৫২ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৮ | ২০০৭-০৮ | ১৪ | ১৪ | ২.৩৬ | ১.৭৫ |
| ৯ | ২০০৮-০৯ | ২০ | ২১ | ৩.৭৮ | ০.৮৫ |
| ১০ | ২০০৯-১০ | - | - | - | ০.৬১ |
| ১১ | ২০১০-১১ | - | - | - | ০.২০ |
| ১২ | ২০১১-১২ | - | - | - | ০.১০ |
| ১৩ | ২০১২-১৩ | - | - | - | ০.১৬ |
| ১৪ | ২০১৩-১৪ | - | - | - | ০.২৯ |
| ১৫ | ২০১৪-১৫ | - | - | - | ০.৩৯ |
| ১৬ | ২০১৫-১৬ | - | - | - | ৩.২৯ |
| ১৭ | ২০১৬-১৭ | ৬ | ১৮ | ৩.২৪ | ২.০০ |
| ১৮ | ২০১৭-১৮ | ১৪ | ৪২ | ৫.৪০ | ২.৯৮ |
| ১৯ | ২০১৮-১৯ | ৪১ | ১২৩ | ১৩.৯২ | ৩.২১ |
| ২০ | ২০১৯-২০ | - | - | - | ৬.৩১ |
| ২১ | প্রকল্প শুরু থেকে মার্চ/২০ পর্যন্ত রাকাব মন্ডলের হাট শাখার আদায় | ৫৪ | ৬৬ | ৬.৬০ | ৫.৯১ |
| ২২ | ২০২০-২০২১ | - | - | - | ৩.৬২ |
| ২৩ | ২০২১-২০২২ (অক্টোবর/২১) | - | - | - | ০.৮৫ |
| | মোট | ৩৭২ জন | ৫১০ টি | ৫৯.০৫ | ৪৪.৯৭ |

**৮.১ ।<u>"তাঁদিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন" প্রকল্পের বিগত ২ বছরের বছরভিত্তিক বরাদ্দ ,প্রাপ্তি, ঋণবিতরণ ও আদায় বিবরণীঃ-</u>**

| ক্রং নং | অর্থ বছর | বিতরণ | | | আদায় টাকা |
|---|---|---|---|---|---|
| | | তাঁতির সংখ্যা | তাঁত সংখ্যা | বরাদ্দের পরিমান | |
| ১ | ২০১৯-২০২০ | ৭০জন | ১৪৮ টি | ৪৪.৪০ | -- |
| ২ | ২০২০-২০২১ | ৩০ | ১০৩ | ৩০.৯০ | ৯.৪৩৪ |
| ৩ | ২০২১-২০২২(অক্টোবর/২০২১) | -- | -- | -- | ৩.৮১৪ |
| | মোট | ১০০ জন | ২৫১ টি | ৭৫.৩০ | ১৩.২৫ |

## ৯। অর্থবছর ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের তথ্যাদিঃ

ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় রংপুর বেসিক সেন্টারের মাধ্যমে ২০০০-২০০১ অর্থবছর থেকে ২০২১-২০২২ (অক্টোবর/২১) পর্যন্ত মোট ৫৯.০৫ লক্ষ টাকা প্রধান কার্যালয় হতে বরাদ্দ দেয়া হয়। যার মধ্যে ৫৯.০৫ লক্ষ টাকা তাঁতিদের মাঝে তাঁত ঋণ হিসেবে বিতরণ করা হয়। আলোচ্য সময়ে প্রকৃত ঋণ আদায় হয়েছে ৪৪.৯৭ টাকা।

তাছাড়া তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন" প্রকল্পের বিগত ২ বছরের ২০২১-২০২২(অক্টোবর/২০২১) মোট ৭৫.৩০ লক্ষ টাকা প্রধান কার্যালয় হতে বরাদ্দ দেয়া হয়। যার মধ্যে ৭৫.৩০ লক্ষ টাকা তাঁতিদের মাঝে তাঁত ঋণ হিসেবে বিতরণ করা হয়। আলোচ্য সময়ে প্রকৃত ঋণ আদায় হয়েছে ১৩.২৫ টাকা।

## ১০। খেলাপি ঋণের তথ্যাদিঃ

ঋণ কার্যক্রমের শুরু থেকে ২০২১-২০২২ (অক্টোবর/২১) মাস পর্যন্ত আলোচ্য বেসিক সেন্টারটিতে খেলাপি অর্থের পরিমাণ সর্বমোট ১০,৩৮,৮৫৯/- টাকা। সমিতি ভিত্তিক খেলাপি ঋণের তালিকা নিম্নে তোলে ধরা হলো।

**১০.১** **০৭ নং গজঘন্ট ইউনিয়ন হাবু প্রাথমিক তাঁতি সমিতির ঋণ খেলাপী তাঁতির নামের তালিকাঃ**

| ক্রঃ নং | তাতিঁর নাম | পিতার নাম | ঋণ বিতরণের তারিখ | সর্বশেষ ঋন আদায়ের তারিখ | আদায়কৃত টাকার পরিমাণ | বকেয়া টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মোঃ আজিজুল ইসলাম | আনছার আলী | ১৯.০৮.০৮ | ২৯.০৩.১১ | ৫,২০০/- | ১৫,৫৭৫/- |
| ০২ | মোঃ মোখলেছার রহমান | মৃতঃ এরফান আলী | ১৯.০৮.০৮ | ১৯.০৪.১৭ | ৫,৯০০/- | ১৪,৮৭৫/- |
| ০৩ | মোঃ মমিনুর রহমান | রফিজ উদ্দিন | ১৯.০৮.০৮ | ২৯.০৩.১১ | ২,৩০০/- | ১৮,৪৭৫/- |
| ০৪ | নুর জামান | মোঃ আব্দুর জব্বার | ১৯.০৮.০৮ | ১৪.০৬.১৭ | ১৭,৯৬০/- | ২,৮১৫/- |
| ০৫ | মোঃ এহিয়া মিয়া | আবু বক্কর | ১৯.০৮.০৮ | ২৯.০৩.১১ | ১৯,১০০/- | ১,৬৭৫/- |
| ০৬ | মোঃ আব্দুল কাদের | সফর উদ্দিন | ২৮.০৭.০৮ | ২৩.০২.২১ | ১৮,০০০/- | ২,৭৭৫/- |
| ০৭ | মোঃ বাবলু মিয়া | মোঃ আব্দুল বাকী | ২৮.০৭.০৮ | ২৩.০৩.১৭ | ২০,৬০০/- | ১৭৫/- |
| ০৮ | মোঃ আব্দুর রসিদ | ছগির উদ্দিন | ১০.০৪.০৮ | ২৮.০৫.১৩ | ১৬,২০০/- | ৪,৫৭৫/- |
| ০৯ | আল আমিন | আলিমুদ্দিন | ২৮.০৭.০৮ | ২৯.০৩.১১ | ৬,২৪৮/- | ১৪,৫২৭/- |
| ১০ | মোঃ মোতালেব হোসেন | মৃতঃ কেসমত আলী | ০৪.০২.০৯ | ১৯.০৪.১৭ | ১০.৮০০/- | ৯,৯৭৫/- |
| ১১ | মোঃ মাছুম মিয়া | মৃতঃ মোজ্জাম্মেল হক | ০৪.০২.০৯ | ১৯.০৪.১৭ | ৮,৪০০/- | ১২,৩৭৫/- |
| ১২ | মোঃ খতিবার রহমান | কফিল উদ্দিন | ১৯.০৮.০৮ | ১৯.০৪.১৭ | ১৫,৮০০/- | ৪,৯৭৫/- |
| ১৩ | খবির উদ্দিন | মৃতঃ ছমির উদ্দিন | ১০.০৮.০৮ | ০৫.০২.১৯ | ২০,৪০০/- | ৩৭৫/- |
| ১৪ | নিলু | সোনা মিয়া | ০৪.০২.০৯ | ০৯.০৮.১৮ | ১২,০০০/- | ৮,৭৭৫/- |
| ১৫ | আল আমিন | মৃতঃ  আবুল কাসেম | ১০.০৪.০৮ | ১৯.০৪.১৭ | ৮,৪০০/- | ১২,৩৭৫/- |
| ১৬ | মোঃ জমসেদ আলী | নবির উদ্দিন | ১০.০৪.০৮ | ১৪.০৬.১৭ | ১৫,৮০০/- | ৪,৯৭৫/- |
| ১৭ | মোঃ বেলাল হোসেন | জহুর আলী | ২৮.০৭.০৮ | ২৪.০৩.১৬ | ৮,৩০০/- | ১২,৪৭৫/- |
| ১৮ | মোছাঃ হাবিবা ইয়াসমিন | মোঃ নয়া মিয়া | ১৯.০৪.১৭ | ২১.০৬.২১ | ৫২,৩২৫/- | ১০,০০০/- |
|  | মোট |  |  |  |  | ১,৫১,৭৬৭/- |

**১০.২** **গোপিনাথপুর রাধানগর ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতির ঋণ খেলাপী তাঁতির নামের তালিকাঃ**

| ক্রঃ নং | তাতিঁর নাম | পিতার নাম | ঋণ বিতরণের তারিখ | সর্বশেষ ঋণ আদায়ের তারিখ | আদায়কৃত টাকার পরিমাণ | বকেয়া টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মোঃ সাহেবুল | মোঃ আকবর আলী | ০২.০১.০২ | ১১.০৬.০৯ | ৮,৫৭০/- | ৬,৪৩৪/- |
| ০২ | মোঃ আঃ আজিজ সরদার | মোঃ ফজলে উদ্দিন | ০২.০১.০২ | ২৮.০২.০৫ | ৩,৫৭০/- | ৮,০১৫/- |
| ০৩ | মোঃ দুলাল | মোঃ আজিজার রহমান | ০৮.১১.০১ | ৩১.১০.০৫ | ৫,৫২০/- | ৬,০৬৫/- |
| ০৪ | মোঃ হোসেন আলী | মৃতঃ আমির উদ্দিন | ০৮.১১.০১ | ২১.১২.১৬ | ৫,১০০/- | ৯,৯০৪/- |
| ০৫ | মোঃ জাহান আলী | মোঃ হাসান আলী | ০২.০১.০২ | ৩০.১২.০২ | ৩,৩৬০/- | ১১,৬৪৪/- |
| ০৬ | মোঃ মকবুল হোসেন | মৃতঃ আঃ মজিদ | ০৮.১১.০১ | ৩১.১০.০৫ | ৯,৭৪০/- | ৫,২৬৪/- |
| ০৭ | মোঃ রজব আলী | মৃতঃ মাহাতাব উদ্দিন | ০২.০১.০২ | ৩০.০৭.০৬ | ৪,৪৬০/- | ১০,৫৪৪/- |
| ০৮ | মোঃ ওবায়দুল হক | মৃতঃ জয়নাল আবেদীন | ০২.০১.০২ | ০৮.১০.০৮ | ১২,৭৬৬/- | ২,২৩৮/- |
| ০৯ | মোঃ আঃ জব্বার | মৃতঃ আঃ মজিদ | ০৮.১১.০১ | ২৮.০২.০৪ | ৪,৬২০/- | ১০,৩৮৪/- |
| ১০ | মৃতঃ শহিদুল হক | মৃতঃ কাইমুদ্দিন | ০৮.১১.০১ | ২১.১২.১৬ | ৯,৯৬০/- | ৫,৩৪৪/- |
| ১১ | মোঃ মকবুল হোসেন | মৃতঃ দেলয়ার হোসেন | ০৮.১১.০১ | ১৯.০৭.০৭ | ১৩,০০০/- | ২,০০৪/- |
| ১২ | মোঃ ফারুক হোসেন | শরীফ উদ্দিন | ৩০.১১.০২ | ৩০.০৬.০৪ | ২,৩২০/- | ১২,৬৮৪/- |
| ১৩ | মোঃ মোকছেদুল হক | মোঃ আবুল হোসেন | ৩০.১১.০২ | ৩১.০৩.০৪ | ২,১০০/- | ১২,৯০৪/- |
| ১৪ | মোঃ জবেদ আলী | হাসান আলী | ০৭.০৮.০২ | ৩০.১২.০২ | ১,২৬০/- | ১৩,৭৪৪/- |
| ১৫ | মৃতঃ ইদ্রিস আলী | মৃতঃ নছির উদ্দিন | ০৭.০৮.০২ | ০৫.০৭.০৭ | ৩,৭৪৫/- | ১১,২৫৯/- |
| ১৬ | মোঃ বাদশা | ওসমান গণী | ০৭.০৮.০২ | ৩১.১০.০৫ | ২,৬৮০/- | ১২,৩৪৪/- |
| ১৭ | মোঃ দুলাল সরকার | মমতাজ উদ্দিন | ৩১.১১.০২ | ২৭.০২.০৫ | ২,৬৩৫/- | ৮,৯৪৯/- |
| ১৮ | মোঃ নরুজ্জামান | মোঃ রবিউল | ০৭.০৮.০২ | ৩০.০৭.০৬ | ২,৪৪০/- | ১২,৫৬৪/- |
| ১৯ | মোঃ আঃ লতিফ | ফজলে সরদার | ০৭.০৮.০২ | ২১.১২.১৬ | ৪,৬৩০/- | ৬,৯৫৫/- |
| ২০ | মোঃ শদিদুল হক | শরীফ উদ্দিন | ৩১.১১.০২ | ১৩.০৩.১৪ | ১,৪৯০/- | ১৩,৫১৪/- |
| ২১ | মোঃ আশরাফুল | আকব্বার আলী | ০৭.০৮.০২ | ০৮.০৭.০৭ | ৬,৭৮০/- | ৮,২২৪/- |
| ২২ | মোঃ নজরুল | মৃতঃ আঃ আজিজ | ০৯.১২.০২ | ১৯.০৭.০৭ | ৬,০৬০/- | ৮,৯৪৪/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২৩ | **মোঃ মজিদুল হক** | **মোঃ ইদ্রিস আলী** | **৩০.১২.০২** | **২৬.০৮.০৭** | ২,৪৮০/- | ৯,১০৪/- |
| ২৪ | **মোঃ আজিজার** | **মৃতঃ হাসিব উদ্দিন** | **০৭.০৮.০২** | **৩০.১২.০৪** | ১,৫২০/- | ১০,০৬৪/- |
| ২৫ | মোঃ আউয়াল | আজিমুদ্দিন | ০৭.০৮.০২ | ৩১.১০.০৫ | ৩,১৮০/- | ৮,৪০৪/- |
| ২৬ | মোঃ হাচান আলী | মৃতঃ ধনির উদ্দিন | ৩০.১২.০২ | ৩০.০১.০৩ | ৪২০/- | ১৪,৫৮৪/- |
| ২৭ | মোঃ মোখছেদ আলী | মৃতঃ মোশারফ | ০৭.১২.০২ | ২৯.০৩.০৭ | ৩,১৪৫/- | ৮,৪৩৯/- |
| ২৮ | মোছাঃ ফজিলা খাতুন | মৃতঃ আবু বক্কর | ০৭.০৮.০২ | ৩০.১২.০৪ | ১,৬৫০/- | ৯,৯৩৪/- |
| ২৯ | মোঃ আঃ করিম | মৃতঃ তমিজ উদ্দিন | ০৭.০৮.০২ | ৩১.০৭.০৩ | ১,৬৮০/- | ১৩,৩২৪/- |
| ৩০ | মোঃ মামুনুর রশিদ | আঃ জব্বার | ০৭.০৮.০২ | ৩০.০৬.০৩ | ১,৫৯০/- | ১৩,৪১৪/- |
| ৩১ | মোছাঃ জোবেদা | মোজাহার আলী | ৩০.১১.০২ | ০৮.০৬.০৮ | ৬,৬৫০/- | ৪,৯৩৪/- |
| ৩২ | মোঃ মামুন | আঃ সোবাহান | ৩০.১১.০২ | ৩০.১২.০৪ | ৩৩০/- | ১১,২৫৪/- |
| ৩৩ | মোছাঃ আজিফা | মৃতঃ জয়নাল | ০৭.০৮.০২ | ১৯.০৭.০৭ | ৬,৬৬০/- | ৮,৪৪৪/- |
| ৩৪ | মোছাঃ মাহফুজা | আঃ করিম | ০৭.০৮.০২ | ২৮.০৮.০৭ | ১১,৫২১/- | ৩,৪৮৩/- |
| ৩৫ | মোছাঃ মহিলা | আনিছুর | ০৭.০৮.০২ | ৩০.১২.০৪ | ১,৩২০/- | ১০,২৬৫/- |
| ৩৬ | মোঃ আজিজার রহমান | মৃতঃ ময়েজ উদ্দিন | ২৩.০১.০৬ | ৩০.০৭.০৬ | ৯৯০/- | ১০,৫৯৪/- |
| ৩৭ | মোঃ আফাজ উদ্দিন | মৃতঃ আঃ জব্বার | ২৩.০১.০৬ | ২৮.০৬.০৭ | ১,০৩০/- | ১০,৫৫৫/- |
| | **মোট** | | | | | ৩৪৬৭২১/- |

**১০.৩ পাটিকা পাড়া ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতির ঋণ খেলাপী তাঁতির নামের তালিকাঃ**

| ক্রঃ নং | তাতিঁর নাম | পিতার নাম | ঋণ বিতরণের তারিখ | সর্বশেষ ঋণ আদায়ের তারিখ | আদায়কৃত টাকার পরিমাণ | বকেয়া টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | **মোঃ ফজল হক** | **মৃতঃ ইয়ার মিয়া** | **২৩.০১.০৬** | **৩০.০৬.০৯** | ১০,৫৬০/- | ১,০২৫/- |
| ০২ | **মোঃ রুহুল আমিন** | **সুলতান মাহমুদ** | **২৩.০১.০৬** | **৩০.০৬.০৭** | ৪,২৯০/- | ৭,২৯৫/- |
| ০৩ | **মোঃ শাহার** | **গোলজার** | **২৩.০১.০৬** | **০২.০৭.০৮** | ৬,৯৩০/- | ৪,৬৫৫/- |
| ০৪ | **মোঃ সুলতান মাহমুদ** | **সোলেমান** | **২৭.০৯.০৪** | **০৩.০৯.০৭** | ১০,৮৯০/- | ৬৯৫/- |
| ০৫ | **মোঃ জাহির উদ্দিন** | **জমির উদ্দিন** | **২৭.০৯.০৪** | **৩০.০৬.০৭** | ৮,৯১০/- | ২,৬৭৫/- |
| ০৬ | **নূর মোহাম্মদ** | **মোঃ ইছাহাক আলী** | **১৭.০৭.০৪** | **০৪.০৬.০৭** | ৯,২৪০/- | ২,৩৪৪/- |
| ০৭ | **মোঃ গাজী রহমান** | **মৃতঃ হোমেন মন্ডল** | **১৯.১১.০৬** | **০২.০৬.০৯** | ৭,৫৯০/- | ৩,৯৯৪/- |
| ০৮ | **মোঃ ফয়জার** | **আঃ হাকিম** | **২৭.০৯.০৪** | **৩১.০৫.০৭** | ৯,২৪০/- | ২,৩৪৪/- |
| ০৯ | **মোঃ আবু ছাইদ** | **মোঃ তাহেজ উদ্দিন** | **২৭.০৯.০৪** | **২৯.০৩.০৭** | ১১,২৫৪/- | ৩৩১/- |
| ১০ | **মোহাম্মদ আলী** | **মজিবর রহমান** | **২৩.০১.০৬** | **৩০.১২.০৯** | ১০,৫৬০/- | ১,০২৫/- |
| ১১ | **মোঃ জাহাঙ্গীর আলম** | **মোঃ আজগার আলী** | **১৭.০৭.০৪** | **৩০.০৭.০৭** | ৯,৯০০/- | ১,৬৮৪/- |
| ১২ | **মোঃ চাঁন মিয়া** | **আসান আলী** | **১৯.১১.০৬** | **৩০.১২.০৯** | ৮,২৫০/- | ৩,৩৩৫/- |
| ১৩ | **মোঃ আইয়ুর আলী** | **মোঃ জেল হক আলী** | **১৯.১১.০৬** | **৩১.০৩.০৮** | ৩,৩৬০/- | ৭,৬২৫/- |
| ১৪ | **মোঃ শহর আলী** | **মোঃ ইনছার উদ্দিন** | **১০.০৭.০৬** | **৩০.০৪.০৮** | ৫,৬১০/- | ৫,৯৭৫/- |
| ১৫ | **মোঃ রফিকুল** | **আনসার আলী** | **১০.০৭.০৬** | **০২.০৩.০৯** | ৬,৬০০/- | ৪,৯৮৫/- |
| ১৬ | **আছিমুদ্দিন** | **ইউনুছ আলী** | **১০.০৭.০৬** | **০৩.০৯.০৮** | ৬,২৭০/- | ৫,৩১৫/- |
| ১৭ | **মোঃ জহুরুল হক** | মোঃ আঃ গনি ব্যাপারী | **১৯.১১.০৬** | **০১.০৬.০৮** | ২,৯৭০/- | ৮,৬১৫/- |
| ১৮ | **মোঃ শামছুল** | **মোঃ আমোদ আলী** | **১৯.১১.০৬** | **০২.১২.০৮** | ৪,৯৫০/- | ৬,৬৩৫/- |
| ১৯ | **মোছাঃ আমেনা বেগম** | **মোঃ কুড়ান আলী** | **১০.০৭.০৬** | **০১.০৬.০৮** | ৪,২৯০/- | ৭,২৯৫/- |
| ২০ | **মোঃ মিয়া চান আকন্দ** | **মৃতঃ ইয়ার আলী** | **১০.০৭.০৬** | **০২.১২.০৮** | ৭,৫৯০/- | ৩,৯৯৫/- |
| ২১ | **মোঃ শাহা আলম** | **মৃতঃ মহাজান আলী** | **১০.০৭.০৬** | **০৩.০৯.০৭** | ৫,৬১০/- | ৫,৯৭৫/- |
| ২২ | **মোঃ শামসুল হক** | **মৃতঃ আব্বাস আলী** | **১৯.১১.০৬** | **৩০.১০.০৮** | ৬,২৭০/- | ৫,৩১৫/- |
| ২৩ | **মোঃ আমজাদ হোসেন** | **মোঃ ইয়ার আলী** | **১৯.১১..০৬** | **০২.১২.০৮** | ৬,২৭০/- | ৫,৩১৫/- |
| ২৪ | **মোঃ কানচু** | **মোঃ বাহেজ আলী** | **১০.০৭.০৬** | **০২.১২.০৮** | ৮,২৫০/- | ৩,৩৩৫/- |
| ২৫ | মোঃ হাকিম | মোঃ গফুর দেওয়ানী | ১১.০৭.০৬ | ০৩.০৯.০৮ | ৫,৯৪০/- | ৫,৬৪৫/- |
| ২৬ | মোঃ আজিদুল ইসলাম | মোঃ ফয়জাল হক | ১১.০৭.০৬ | ৩০.১০.০৮ | ৫,৬১০/- | ৫,৯৭৫/- |
| ২৭ | মোঃ ছামাদ আলী | মোঃ ইদ্রিস আলী | ১৯.১১.০৬ | ৩১.০৭.০৮ | ৩,৯৬০/- | ৭,৬২৫/- |
| ২৮ | মোঃ সামছুল হক | মোঃ ছোরমান আলী | ১৯.১১.০৬ | ৩০.০৬.০৯ | ৮,৫৮০/- | ৩,০০৫/- |
| ২৯ | মোঃ রাশেদ | মোঃ নুর ইসলাম | ১১.০৭.০৬ | ০২.০৭.০৮ | ৬,৯৩০/- | ৪,৬৫৪/- |
| ৩০ | মোঃ হাসান আলী | মোঃ ইছাকাহ আলী | ১১.০৭.০৬ | ০৮.১১.০৭ | ৩,৬৩০/- | ৭,৯৫৫/- |
| ৩১ | মোঃ দুলাল | মোঃ নুর উদ্দিন | ১৭.০৮.০৬ | ০২.০৩.০৯ | ৮,৫৮০/- | ৩,০০৫/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩২ | মোপঃ আরমা্ন আলী | মোঃ ছিদ্দিক আলী | ১৯.১১.০৬ | ৩০.১২.০৯ | ৪,৯৫০/- | ৬,৬৩৫/- |
| ৩৩ | মোঃ আলমগীর হোসেন | আয়নাল হক | ১০.১১.০৬ | ৩১.০১.০৭ | ৬৬০/- | ১০,৯২৫/- |
| ৩৪ | মোঃ পরান আলী | মোঃ সোবাহান আলী | ১৬.০৭.০৬ | ০২.০৬.০৯ | ৯,৯০০/- | ১,৬৮৫/- |
| ৩৫ | মোঃ ছাদেকুল | মোঃ ছোরমান আলী | ১১.০৭.০৬ | ০২.০৬.০৯ | ১০,২৩০/- | ১,৩৫৪/- |
| ৩৬ | মোঃ হয়রত | মোঃ মজিবর আলী | ১১.০৭.০৬ | ৩০.১২.০৯ | ৮,৫৮০/- | ৩,০০৫/- |
| ৩৭ | মোঃ শফিকুল | আঃ গনি | ০৩.০৮.০৭ | ০২.১২.০৮ | ৩,৬৩০/- | ৭,৯৫৫/- |
| **৩৮** | **মোঃ ময়েজ** | **দবির উদ্দিন** | ০৩.০৮.০৭ | ০২.০৬.০৯ | ৫,৬১০/- | ৫,৯৭৪/- |
| **৩৯** | **মোছাঃ কুলছুম** | **ছামচুল হক** | ০৪.০৬.০৭ | ০২.১২.০৮ | ১,৬৫০/- | ৯,৯৩৫/- |
| **৪০** | **মোঃ শহর আলী** | **গোলজার আলী** | ০৪.০৬.০৭ | ০২.০৬.০৯ | ৪,২৯০/- | ৭,২৯৫/- |
| **৪১** | **মোঃ হাবিবুর রহমান** | **হারান আলী** | ০৪.০৬.০৭ | ৩১.০৩.০৯ | ৩,৯৬০/- | ৭,৬২৫/- |
| | **মোট** | | | | | ২০২,০৩৪/- |

**১০.৪** **কাকিনা ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতির ঋণ খেলাপী তাঁতির নামের তালিকাঃ**

| ক্রঃ নং | তাতিঁর নাম | পিতার নাম | ঋণ বিতরণের তারিখ | সর্বশেষ ঋণ আদায়ের তারিখ | আদায়কৃত টাকার পরিমাণ | বকেয়া টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মৃতঃ মোঃ আঃ কাদের | মৃতঃ হাতেম আলী | ১১.১১.০৩ | ১৩.০৪.১৬ | ৭,৫৯৫/- | ৩,৯৯০/- |
| ০২ | মোঃ নবীর হোসেন | মৃতঃ হাতেম আলী | ২২.০১.০৪ | ০৯.১১.১৭ | ১০,২৬০/- | ১,৩২৫/- |
| ০৩ | মোঃ জুরান আলী | মান্নান ব্যাপারী | ২২.০১.০৪ | ১১.০১.১৭ | ৮,৯২০/- | ২৬৬৫/- |
| ০৪ | মোঃ মোজাম্মেল হক | জেলাল উদ্দিন | ০৮.০৭.০৪ | ১০.০৬.২১ | ৫,৮৮০/- | ৪,৮০৪/- |
| ০৫ | মোঃ মান্নান | মৃতঃ বকতার আলী | ১৪.০৯.০৪ | ০৩.০৪.০৭ | ৫,৬১০/- | ৫,৯৭৫/- |
| ০৬ | মোঃ রকমান | আঃ গফুর | ১৪.০৯.০৪ | ৩০.০৫.০৬ | ৫,৯৪০/- | ৫,৬৪৪/- |
| ০৭ | মোঃ ছৈয়দ | তাহাজ উদ্দিন | ০৮.০৭.০৪ | ১১.০৬.১৮ | ৭,২৮০/- | ৪,৩০৫/- |
| ০৮ | মোঃ জয়েদ আলী | মৃতঃ মন্তাজ আলী | ০৯.০৬.০৪ | ২৬.১১.০৬ | ৭,২৬০/- | ৪,৩২৫/- |
| ০৯ | মোঃ ছোরাব | মোঃ বছির উদ্দিন | ০৯.০৬.০৪ | ২১.১১.০৫ | ৪,৬২০/- | ৬,৯৬৪/- |
| ১০ | মোঃ নুর হোসেন | মৃতঃ জমির উদ্দিন | ০৯.০৬.০৪ | ১৩.০১.১৭ | ৬,৯০০/- | ৪,৬৮৫/- |
| ১১ | মোঃ জব্বার | মৃতঃ আব্বাছ আলী | ১৪.০৯.০৪ | ০৫.১০.০৬ | ৪,৯৫০/- | ৬,৬৩৫/- |
| ১২ | মোঃ আরদোশ আলী | আঃ জব্বার | ১৪.০৯.০৪ | ১১.০৬.১৮ | ৬,৪৫০/- | ৫,১৩৫/- |
| ১৩ | মোঃ রিয়াজ উদ্দিন | মৃতঃ আবগুল শেখ | ১৪.০৯.০৪ | ৩০.০৫.০৬ | ৪,২৯০/- | ৭,২৯৪/- |
| ১৪ | মোঃ লুৎফর | মৃতঃ জেলাল উদ্দিন | ০৯.০৬.০৪ | ০৬.০৩.০৭ | ৬,৬০০/- | ৪,৯৮৫/- |
| ১৫ | মোছাঃ জড়িনা বেওয়া | আনছার আলী | ০৯.০৬.০৪ | ১৭.০৫.১৭ | ১০,৫৭০/- | ১,০১৫/- |
| ১৬ | মোঃ আইনুল হক | মোঃ সামসুল আলম | ২৯.০১.০৬ | ০৯.০৫.১৯ | ৯,৬৪০/- | ১,৯৪৫/- |
| ১৭ | মোঃ আক্কাছ | মৃতঃ আফছার | ২৯.০১.০৬ | ১৮.০১.১৮ | ৩,৬৯০/- | ৭,৮৯৫/- |
| ১৮ | মোঃ জাহাঙ্গীর আলম | মোঃ সামসুল আলম | ২৯.০১.০৬ | ১৯.০৮.১৯ | ৮,৬৪০/- | ২,৯৪৫/- |
| ১৯ | মোঃ আশরাফুল | মৃতঃ আফসার আলী | ২৯.০১.০৬ | ১৩.০২.১৭ | ১,৬৯০/- | ৯,৮৯৫/- |
| ২০ | মোঃ আবুল কালাম আজাদ | মাসুদ আলী | ২৯.০১.০৬ | ৩০.০৪.০৭ | ২,৬৫০/- | ৮,৯৩৫/- |
| ২১ | মোঃ কোরবান আলী | বছির উদ্দিন | ২৯.০১.০৬ | ১২.০২.১৮ | ২,৩৩০/- | ৯,২৫৫/- |
| ২২ | মামোদ আলী | আঃ হামিদ | ২৯.০১.০৬ | ০৩.০৪.০৭ | ২,৩১০/- | ৯,২৭৫/- |
| ২৩ | মোঃ আঃ জব্বার | মৃতঃ কেতাব আলী | ২৯.০১.০৬ | ১০.০৭.১৭ | ৬,৫০০/- | ৫,০৮৫/- |
| ২৪ | মোঃ আজিজুল হক | জুড়ান আলী | ২৯.০১.০৬ | ১০.০৬.২১ | ৫,৪৯০/- | ৬,০৯৫/- |
| ২৫ | মোঃ ফজলুল হক | মৃতঃ হেলাল উদ্দিন | ২৯.০১.০৬ | ১৩.০১.১৯ | ৯,২২০/- | ২,৩৬৫/- |
| ২৬ | মোঃ আঃ রহমান | মেন্নাজ | ২৯.০১.০৬ | ০৯.০৫.১৯ | ৭,৬৭০/- | ৩,৯১৫/- |
| ২৭ | মোঃ চাঁনবার | মৃতঃ মন্তাজ | ২৯.০১.০৬ | ৩০.০৭.০৬ | ১,৩৩০/- | ১০,২৫৫/- |
| ২৮ | কোরবান আলী | মৃতঃ মুলকা শেখ | ২৯.০১.০৬ | ১১.০৯.১৮ | ৫,৩১০/- | ৬,২৭৫/- |
| ২৯ | মোঃ আমজাদ হোসেন | মৃতঃ আরফান | ১২.০৩.০৭ | ০৮.০১.১৮ | ৮৩০/- | ১০,৭৫৫/- |
| ৩০ | মৃতঃ আবুল কাশেম | মৃতঃ মামুদ আলী | ১৭.০৮.০৬ | ৩০.০৪.০৭ | ১,৬৫০/- | ৯,৯৩৫/- |
| ৩১ | মোঃ লোমান | আঃ গফুর | ১২.০৩.০৭ | ১০.১১.১৬ | ১,৭৩০/- | ৯,৮৫৫/- |
| ৩২ | মোঃ সনত্ত মিয়া | মোঃ মহির উদ্দিন | ২৭.০৭.০৬ | ২৬.১১.০৬ | ৩৩০/- | ১১,২৫৪/- |
| ৩৩ | গোলাপ | মোঃ তহুদ্দি | ১২.০৩.০৭ | ২৭.০৮.০৭ | ৩৩০/- | ১১,২৫৪/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩৪ | মোঃ মহির | মৃতঃ মেহের | ১২.০৩.০৭ | ৩০.১১.১১ | ৮৫০/- | ১০,৭৩৫/- |
| ৩৫ | মোঃ ছোড়াব | মৃতঃ নেফাজ উদ্দিন | ২৭.০৭.০৬ | ১০.০৬.২১ | ১১,১০৫/- | ৪৮০/- |
| ৩৬ | মোঃ সফিকুল ইসলাম | মোঃ রহমত আলী | ২৭.০৭.০৬ | ১৪.০১.১৯ | ৮৩১/- | ১০,৭৫৪/- |
| ৩৭ | মোঃ সোনাউল্লা | রিয়াজ উদ্দিন | ১২.০৩.০৭ | ১২.০৯.২১ | ২,০৬০/- | ৯,৫২৪/- |
| ৩৮ | মোঃ আবু বক্কর সিদ্দিক | মোঃ মাজাচান | ১২.০৩.০৭ | ০৫.০৬.০৭ | ৩৩০/- | ১১,২৫৫/- |
| ৩৯ | মোঃ লাল মিয়া | মোঃ জুজু মিয়া | ২৭.০৭.০৬ | ০৩.০৪.০৭ | ১,৬৫০/- | ৯,৯৩৫/- |
| ৪০ | মোঃ আঃ রহিম | মৃতঃ নেফাজ উদ্দিন | ১২.০৩.০৭ | ১৫.০৬.০৭ | ৩৩০/- | ১১,২৫৫/- |
| ৪১ | মোছাঃ হাউসি খাতুন | মোঃ ইউসুব | ২৭.০৭.০৬ | ২৩.১০.১১ | ৩,৮০০/- | ৭,৭৮৫/- |
| ৪২ | মোঃ মকবুল হোসেন | মোঃ সোরহাব | ২৭.০৭.০৬ | ১১.০৬.১৮ | ১২,৫০৩/- | ২,৫০০/- |
| ৪৩ | মোঃ হয়রত | মোঃ আঃ গফুর | ১২.০৩.০৭ | ০৪.০৮.১৯ | ৬,৮৬০/- | ৪,৭২৫/- |
| ৪৪ | মোঃ আঃ ছাত্তার | মৃতঃ নেফাজ | ১২.০৩.০৭ | ১২.০২.১৮ | ৩,০০০/- | ৮,৫৮৫/- |
| ৪৫ | মোঃ মোক্তার আলী | মৃতঃ কালুশেখ | ২৭.০৭.০৬ | ১০.১১.১৬ | ৩,৩১০/- | ৮,২৭৫/- |
| ৪৬ | মোঃ আঃ গফুর | মৃতঃ আঃ আজিজ | ১০.১২.০৬ | ১০.১০.১৮ | ১৫,৭০০/- | ৭,৪৭০/- |
| ৪৭ | মোঃ নজরুল | শমসের আলী | ১২.০৩.০৭ | ১০.১০.১৮ | ৭০,০০০/- | ৪,৫৮৫/- |
| | **মোট** | | | | | ৩১৪৭৯৭/- |

**১০.৫** <u>সাহেবের আলগা ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতি ঋণখেলাপী তাঁতির নামের তালিকাঃ</u>

| ক্রঃ নং | তাতিঁর নাম | পিতার নাম | ঋণ বিতরণের তারিখ | সর্বশেষ ঋণ আদায়ের তারিখ | আদায়কৃত টাকার পরিমাণ | বকেয়া টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মোঃ জবেদ আলী | মোঃ আহাম্মদ আলী | ১০.০১.০২ | ২৫.১০.০৭ | ১১,২৯০/- | ২৯৫/- |
| ০২ | মোঃ মফি | মৃতঃ মিয়া ফকির | ২৭.০৯.০৪ | ০৬.০৫.০৭ | ৪,২৫০/- | ৭,৩৩৫/- |
| ০৩ | মোঃ মানিক | মোনল মিয়া | ০৪.০৮.০২ | ০৬.০৫.০৭ | ৯,৭৪৫/- | ১,৮৪০/- |
| ০৪ | মোঃ মাইদুল ইসলাম | মৃতঃ হামিদ | ১৪.১২.০২ | ০৫.০৯.০৭ | ৭,৪৫৫/- | ৪,১৩০/- |
| ০৫ | মোবারক হোসেন | মৃতঃ আঃ হামিদ | ২৭.০৯.০৪ | ২৯.১১.০৭ | ১,৬৪৫/- | ৯,৯৪০/- |
| | **মোট** | | | | | ২৩,৫৪০/- |

রংপুর বেসিক সেন্টারের আওতায় ০৭ নং গজঘন্ট ইউনিয়ন হাবু প্রাথমিক তাঁতি সমিতির মোট ১,৫১,৭৬৭/-লক্ষ টাকা,গোপিনাথপুর রাধানগর ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতির মোট ৩,৪৬,৭২১/-, পাটিকা পাড়া ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতির মোট ২,০২,০৩৪/- কাকিনা ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতির মোট ৩,১৪,৭৯৭/- সাহেবের আলগা ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতিমোট ২৩,৫৪০/- সর্বমোট ১০,৩৮,৮৫৯/- লক্ষ টাকা খেলাপি ঋণ রয়েছে।

## ১১। তাঁতি সমিতি অডিটঃ

আলোচ্য বেসিক সেন্টারের মাধ্যমে ২০২০-২০২১ অর্থবছরে সর্বমোট ০১টি সমিতি অডিট করা হয়েছে। নিম্নোক্ত ছকে তা তুলে ধরা হলোঃ

| ক্রমিক নং | সমিতির নাম | |
|---|---|---|
| ০১। | সাহেবের আলগা ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতি | **১৭.১০.২১** |

## ১২। আপদকালীন তহবিলঃ

আলোচ্য বেসিক সেন্টারের আওতাধীন বাংলাদেশ কৃষি ব্যাংকের গোলাকান্দাইল শাখায় ৯,৭৮,৩১৫/- টাকা আপদকালীন তহবিল হিসেবে জমা রয়েছে মর্মে জানা যায়।

## ১৩। কাস্টমস হাউস কর্তৃক আটককৃত ও বাজেয়াপ্ত সুতা এবং শুল্কমুক্ত সুবিধায় সুতা, রং ও রসায়ন আমদানি ও বরাদ্দ সংক্রান্ত তথ্যাদিঃ

এ পর্যন্ত অত্র বেসিক সেন্টারের আওতায় কোনো সমিতির অনুকূলে কাস্টমস হাউস কর্তৃক আটককৃত ও বাজেয়াপ্ত সুতা বরাদ্দ ও বিতরণ করা হয়নি এবং শুল্কমুক্ত সুবিধায় সুতা, রং ও রাসায়নিক দ্রব্য আমদানির জন্য সুযোগ দেয়া হয়নি।

## ১৪। তাঁতি এলাকা সরেজমিনে পরিদর্শন ও মতবিনিময়ঃ

কেন্দ্র মূল্যায়নকালে উক্ত বেসিক সেন্টারের আওতাধীন ২টি সমিতির মোট ৫জন সদস্যের তাঁত, তাঁত কারখানা পরিদর্শন এবং তাদের সাথে মতবিনিময় করা হয়। তন্মধ্যে ৭নং গজঘন্টা ইউনিয়ন হাবু প্রাথমিক তাঁতি সমিতির প্রাক্তন সভাপতি জনাব আব্দুর রহমান এর সাথে আলোচনা হয়। আলোচনায় তিনি জানান তাদের প্রয়োজনীয় কাঁচামাল ক্রয় করার জন্য ঢাকা মিরপুর আসতে হয় এবং উৎপাদিত পণ্য বাজারজাত করার জন্য অনেক দূরে যেতে হয়। ফলে তাদের তৈরি কাপড়ের উৎপাদন খরচ অনেক পড়ে যায়। তাই তারা বাজারের সাথে পাল্লা দিয়ে টিকে থাকতে পারছেন না। তাদেরকে যদি ন্যায্যমূল্যে সুতা সরবরাহ করা হয় এবং উৎপাদিত পণ্য তাঁত বোর্ড কর্তৃক তাঁতিদের নিকট থেকে ক্রয় করে বাজারজাতকরণের ব্যবস্থা করা হয় তবে তারা এ পেশাটিকে টিকে রাখতে পারবে। নিচে তার সাথে কথোপকথনের চিত্র তোলে ধরা হলো।



৭নং গজঘন্টা ইউনিয়ন হাবু প্রাথমিক তাঁতির প্রাক্তন সভাপতি সম্পাদক এবং সদস্যবৃন্দের সাথে মতবিনিময় সভা।

১৪.১ ৭নং গজঘন্টা ইউনিয়ন হাবু প্রাথমিক তাঁতি সমিতির সদস্য জনাব রমজান আলীর সাথে আলোচনা হয়। আলোচনাকালে জানা যায়, তারা দুই ভাই তাঁতি। তারা পৃথক বাসায় বসবাস করেন এবং তাঁদের খানাও আলাদা। তারা দুই ভাই ঋণের জন্য আবেদন করেন কিন্তু এক ভাই ঋণ পেয়েছেন অন্য ভাইকে ঋণ দেওয়া হয়নি। ফলে সে ভাইয়ের পক্ষে তাঁত চালানো খুবই কঠিন হয়ে দাঁড়িয়েছে। সেজন্য এরূপ একই পরিবারের দুই বা তিন ভাই যারা আলাদা বসবাস করেন এবং খানা আলাদা তাঁদেরকে পৃথকভাবে ঋণ দেওয়ার অনুরোধ জানান। লালমনিরহাট কালীগঞ্জ এর কাকিনা ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতির সদস্য জনাব আয়নাল হক জানান করোনার কারণে গত এক বৎসর যাবৎ তাঁদের ব্যবসা খুবই মন্দা যাচ্ছে। তাদের তৈরি কাপড় বাজারজাত করতে বেশ অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। সরকারিভাবে বাজারজাত করার ব্যবস্থা করলে তারা উপকৃত হবে বলে জানান।



৭নং গজঘন্টা ইউনিয়ন হাবু প্রাথমিক তাঁতি সদস্য জনাব রমজান আলীর তাঁত কারখানা



৭নং গজঘন্টা ইউনিয়ন হাবু প্রাথমিক তাঁতি সদস্য জনাব আলমগীর হোসেন এর তাঁত কারখানা



লালমনিরহাট কালীগঞ্জ এর কাকিনা ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতির সদস্য তাঁর নিজ তাঁতে শাড়ী বুনণরত অবস্থার স্থিরচিত্র

## ১৪.১ পর্যালোচনাঃ

৭নং গজঘন্টা ইউনিয়ন হাবু প্রাথমিক তাঁতি সমিতি এবং লালমনিরহাট কালীগঞ্জ এর কাকিনা ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতি সদস্যদের তাঁত ও তাঁত কারখানা পরিদর্শন কালে লক্ষ্য করা যায়, সেমি-অটোমেটিক ও জামদানি তাঁতে মহিলাদের ব্যবহারের চাদর, জামদানি শাড়ি তৈরী করছেন। তাদের সাথে আলোচনায় জানা যায়, শাড়িতে টানায় ১৫০ কাউন্টের সিল্ক সুতা এবং পড়েনে ৭৫ কাউন্টের সুতা ব্যবহার করছেন। এছাড়া, তাদের ব্যবহৃত সুতা ও রংয়ের মূল্য বেশী হওয়ায় তারা ব্যবসায় কোন রকম টিকে আছে। তাদের উৎপাদিত বস্ত্র বিপণন/বাজারজাতকরণের সুযোগ না থাকায় ন্যায্য মূল্য হতে বঞ্চিত হচ্ছে। তাছাড়া, একজন কারিগরকে নির্ধারিত মজুরির মাধ্যমে সারা বছরের জন্য নিয়োগ করা হয়। ঐ কারিগর অনেক সময় পালিয়ে চলে যায় । বর্তমানে তাঁত পেশায় যে সকল তাঁতি/কারিগর/শ্রমিক জড়িত তাদের বেশির ভাগের বয়স ৪০ এর উর্ধ্বে। বর্তমান প্রজন্ম তাঁত পেশায় আসতে আগ্রহী নয়। তাঁতিরা তাঁতের মধ্যে মোটর/আধুনিক যন্ত্রপাতি সংযোজন করে তাঁতের আধুনিকায়নের প্রস্তাব করেন। Traditional পদ্ধতির তুলনায় আধুনিক প্রযুক্তিতে তাঁত বস্ত্র উৎপাদনে গজ প্রতি মজুরির পরিমাণ প্রায় ০৮ টাকা কম এবং তাঁত বস্ত্র উৎপাদনের পরিমাণও বেশি হয়। তাঁতিরা শুল্কমুক্ত সুবিধায় সুতা, রং ও রাসায়নিক দ্রব্য আমদানির সুযোগ করে দেয়াসহ বাংলাদেশ তাঁত বোর্ডের মাধ্যমে তাদের উৎপাদিত পণ্য বিক্রয়ের ব্যবস্থা করার অনুরোধ জানান।

## ১৫। সুপারিশঃ

১৫.১ বর্তমানে নানা কারণে তাঁত পেশার সাথে সম্পৃক্ত তাঁতি এবং তাঁতের সংখ্যা ক্রমাগতভাবে হ্রাস পাচ্ছে। যা তাঁত খাত টিকিয়ে রাখার ক্ষেত্রে বড় ধরনের হুমকি। সে জন্য বিদ্যমান বিধিমালা/ নীতিমালা/ আইন পরিবর্ধন, পরিমার্জন বা সংশোধন করে তাঁত ঋণ বিতরণের ক্ষেত্রে তাঁত সংখ্যার বিদ্যমান যে সিলিং তা বাড়ানো যেতে পারে এবং একই পরিবারে একাধিক সদস্য পৃথকভাবে বসবাসরত তাঁত পেশার সাথে সম্পৃক্ত একাধিক ব্যক্তির অনুকূলে তাঁত ঋণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

১৫.২ রংপুর বেসিক সেন্টারের আওতাধীন সাহেবের আলগা প্রাথমিক তাঁতি সমিতিটি রংপুর থেকে প্রায় ১৪০ কি: মি: দূরে কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলায় অবস্থিত। যেখানে পৌঁছাতে প্রায় ৩-৩.৫ ঘন্টার নদীপথ পাড়ি দিতে হয়। উল্লেখ্য, বাতাঁবোর সাব- বেসিক সেন্টার রৌমারী থেকে আলোচ্য সমিতিটি খুবই কাছাকাছি দূরত্বে অবস্থিত। সে জন্য সাব- বেসিক সেন্টার রৌমারীর মাধ্যমে এ সমিতির আওতাভূক্ত এলাকাসমূহে তাঁত ঋণের কার্যক্রম পরিচালনা করা হলে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে গতিশীলতা আসবে।

১৫.৩ বেসিক সেন্টারটি দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার স্বার্থে সেখানে এক সেট Computer স্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

১৫.৪ যে সকল খেলাপি তাঁতি নিতান্তই গরীব ও তাঁত ঋণের অর্থ পরিশোধে অক্ষম এবং যে সকল খেলাপি তাঁতি মৃত্যুবরণ করেছেন সে সকল তাঁতি পরিবারের আর্থিক অবস্থার বিষয়টি বিবেচনায় নিয়ে তাদের বকেয়া তাঁত ঋণ অবলোপন (write off) করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

১৫.৫ দায়িত্বভার হস্তান্তর এবং গ্রহণ সংক্রান্ত কোন নথি নেই। ফলে দায়িত্ব বুঝে নেয়ার পদ্ধতিগুলি সঠিক নিয়মে হয়নি বলে প্রতিয়মান হয়েছে। জরুরিভিত্তিতে দায়িত্বভার হস্তান্তর এবং গ্রহণ সংক্রান্ত নথি খোলে তা সঠিক নিয়মে ব্যবহারের পরামর্শ দেয়া যেতে পারে।

১৫.৬ কেন্দ্রের নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, গার্ড/মাষ্টার ফাইল, পত্র প্রেরণ নথি, পত্র প্রাপ্তি নথি নেই। সেখানে প্রধান (পরি:ও বাস্ত:), প্রধান (এম.ই), সচিবালয় (পরিচালক প্রশাসন), হিসাব বিভাগ, পরিকল্পণা মন্ত্রণালয় , প্রকৌশল বিভাগ, জেলা প্রশাসক ইত্যাদি বিভিন্ন নামের নথি খোলা আছে। এভাবে নথি খোলা সমীচীন নয়। কাজেই কেন্দ্রে নতুন নথি খোলা, নথির নামকরণ ও নথির নম্বর এবং নথি ব্যবস্থাপনার ক্ষেত্রে সচিবালয় নির্দেশনা ২০১৪ এর বিধি অনুসরণ করার বিষয়ে নির্দেশনা দেয়া যেতে পারে। কেন্দ্রের কর্মকর্তা/ কর্মচারীগণকে নথি খোলা, নথি ব্যবস্থাপনা, নথি সংরক্ষণ এবং নথি ব্যবস্থাপনায় ডিজিটাল নথি নাম্বার ব্যবহার করা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা করা যেতে পারে।

১৫.৭ আলোচ্য বেসিক সেন্টারের মাধ্যমে বিতরণকৃত তাঁত ঋণের অর্থ আদায়ের লক্ষ্যে খেলাপি ঋণ গ্রহীতাদের হালনাগাদ তালিকা প্রস্তুত করা যেতে পারে। তাছাড়া, খেলাপি ঋণের অর্থ আদায়ের ক্ষেত্রে স্থানীয় নেতৃবৃন্দ/তাঁতি সমিতির প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা করা যেতে পারে।

১৫.৮ রংপুর বেসিক সেন্টারের আওতায় শতরঞ্জি তাঁতিদের সংগঠিত করে সমিতি গঠনপূর্বক ঋণ প্রদানের ব্যবস্থা করা গেলে তাঁত পণ্যের বাজার সম্প্রসারিত হবে।

১৫.৯ ন্যাযমূল্যে সুতা তাঁতিদের মাঝে সরবরাহ করা, উৎপাদিত পণ্য তাঁত বোর্ড কর্তৃক তাঁতিদের নিকট থেকে ক্রয় করা ও বাজারজাতকরণের ব্যবস্থা করা যেতে পারে।

১৫.১০ বেসিক সেন্টারটি রংপুরের সাতমাথা মোড়ের সন্নিকটে গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত হওয়ায় অফিসের সামনে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে ।

স্বাক্ষরিত/-

মোঃ আহসান উল্লাহ্
কারিগরি কর্মকর্তা (পরিবীক্ষণ ও মূল্যায়ন)
বাতাঁবো, ঢাকা।

স্বাক্ষরিত/-

রাজীব চন্দ্র দাস
সহকারী প্রধান (পরিবীক্ষণ ও মূল্যায়ন) [অ:দা:]
বাতাঁবো, ঢাকা।